brac institute of governance & development

অক্টোবর – ডিসেম্বর ২০২১ ■ সংখ্যা ১৩ ■ ত্রৈমাসিক সংবাদ সংকলন

পাবলিক প্রকিউরমেন্ট ওয়াচ



এক নজরে

০২ সিটিজেন এনগেজমেন্ট ফোরাম (সিইএফ) আপডেট

০৪ স্থানীয় প্রতিবেদন

BIGD, Brac University
SK Centre, GP, JA/4, Mohakhali
Dhaka 1212

+88 02 5881 0306, 5881 0326

info@bigd.bracu.ac.bd

http://bigd.bracu.ac.bd

পরিকল্পনা মন্ত্রণালয়ে অনুষ্ঠিত পাবলিক প্রাইভেট স্টেকহোল্ডার কমিটির ১৪তম সভা

পাবলিক-প্রাইভেট স্টেকহোল্ডারস কমিটির (পিপিএসসি) ১৪ তম সভা ২ অক্টোবর ২০২১ তারিখে এনইসি সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন মাননীয় পরিকল্পনা মন্ত্রী, পিপিএসসি চেয়ারম্যান, জনাব এম এ মান্নান এমপি। বিআইজিডি এর সহযোগীতায় সিপিটিইউ সভাটির আয়োজন করেছিল। সরকারী কর্মকর্তাদের সাথে ব্যবসায়ী সম্প্রদায়, গবেষণা প্রতিষ্ঠান, মিডিয়া এবং সুশীল সমাজের প্রতিনিধিদের নিয়ে পিপিএসসি গঠিত হয়েছিল। পিপিএসসি-এর সদস্যগণ ডিম্যাপ প্রকল্পের অগ্রগতি এবং বিদ্যমান ত্রুটিগুলি নিয়ে আলোচনা করা এবং ভবিষ্যতের আলোচ্যসূচির বিষয়ে সিদ্ধান্ত নেওয়ার জন্য ১৪তম পিপিএসসি সভায় একত্রিত হন। পরিকল্পনা মন্ত্রণালয়ের আইএমই বিভাগের, সচিব, জনাব প্রদীপ রঞ্জন চক্রবর্তী, পিপিএসসি সদস্যদের স্বাগত জানিয়ে, ডিম্যাপ প্রকল্প সম্পর্কে সংক্ষিপ্ত পরিচয় দিয়ে এবং ১৪তম পিপিএসসি সভার উদ্দেশ্য নির্ধারণ করে উদ্বোধনী বক্তৃতা প্রদান করেন। জনাব মোহাম্মদ শোহেলের রহমান চৌধুরী, মহাপরিচালক, সিপিটিইউ, বাংলাদেশের পাবলিক প্রকিউরমেন্ট সংস্কার যাত্রার উপর তার উপস্থাপনা প্রদান করেন। সিটিজেন এনগেজমেন্ট সাব-কম্পোনেন্ট, বিআইজিডি-র

টিম লিডার ড. মির্জা হাসান নাগরিকদের সম্পৃক্ততার চলমান প্রকল্পের বিষয়ে উপস্থাপন করেন। এরপর, আলোচনার জন্য ফ্লোর উন্মুক্ত করা হয়। উন্মুক্ত আলোচনায় জনাব মো: ইশতিয়াক জহির, ভাইস-প্রেসিডেন্ট, ইনস্টিটিউট অফ আর্কিটেক্টস বাংলাদেশ, পরামর্শ দিয়েছেন যে, শুধুমাত্র মনিটরিং পর্যায়ে নয়, টেকসই এবং ঐতিহ্যের কথা মাথায় রেখে মানসম্মত নকশা এবং বাস্তবায়ন নিশ্চিত করার জন্য স্টেকহোল্ডারদের পরামর্শের প্রক্রিয়াটি পাবলিক প্রকিউরমেন্ট প্রকল্পের সূচনা থেকে শুরু করা উচিত। পরিশেষে, মাননীয় পরিকল্পনা মন্ত্রী বলেন যে, নাগরিকদের সাথে সম্পৃক্ততা বজায় রাখা অত্যাবশ্যক, বিশেষ করে সাম্প্রতিক সময়ে সরকারী প্রকল্পের প্রতি নাগরিকদের মধ্যে মালিকানা বোধ এবং আগ্রহ তৈরি করার জন্য এটি গুরুত্বপূর্ণ।

সিটিজেন এনগেজমেন্ট ফোরাম (সিইএফ) আপডেট

রংপুর

করোনার কারনে দীর্ঘ বিরতির পর, সকলের উপস্থিতে ৩ অক্টোবর ২০২১ তারিখে রংপুরের পর্যটন কর্পোরেশনের সম্মেলন কক্ষে সিইএফ রংপুর অনুষ্ঠিত হয়। প্রদীপ রঞ্জন চক্রবর্তী, সচিব, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়; এ. ডব্লিউ. এম রায়হান শাহ, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, রংপুর; বিপ্লব কুমার সরকার, এসপি, রংপুর; আব্দুল ওয়াহাব ভূঁইয়া, বিভাগীয় কমিশনার, রংপুর; সিপিটিইউ এর মহাপরিচালক মো: শোহেলের রহমান চৌধুরী এবং বিআইজিডির গবেষকদের একটি দল ও সরকারী ক্রয়কারী সংস্থার প্রতিনিধিগণ এই অনুষ্ঠানে অংশ নেয়। এ. ডব্লিউ. এম রায়হান শাহ স্মরণ করেন যে একটি সময় ছিল যখন তিনি দেখতেন যে লোকেরা সরকারী প্রকল্পে অনিয়ম রিপোর্ট করাকে নগণ্য কাজ বলে মনে করত কিন্তু এখন এমনকি দেশের সবচেয়ে গ্রামীণ এলাকার মানুষ নিয়মিত ১০৬-এ ডায়াল করে তাদের অভিযোগ জানায়। বিপ্লব কুমার সরকার বাস্তবিক একটি সত্য তুলে ধরেনা। তিনি জানান, আগে মানুষ তৃতীয় চোখ হিসেবে কাজ করার জন্য মিডিয়ার উপর সম্পূর্ণ নির্ভরশীল ছিল, কিন্তু এখন স্মার্টফোন এবং সোশ্যাল মিডিয়ার আগমনের কারণে প্রত্যেকেই পারতপক্ষে তাদের পকেটে তৃতীয় চোখ নিয়ে ঘুরে বেড়াচ্ছে। বিভাগীয় কমিশনার আবদুল ওয়াহাব ভূঁইয়া ইউএনও হিসেবে কাজ করার কথা স্মরণ করে বলেন, তিনি সরাসরি মাঠে থেকে জনগণের অভিযোগের সমাধান করে তার কর্মজীবনের জন্য শিক্ষা এবং অভিজ্ঞতা অর্জন করতে পেয়েছিলেন। প্রদীপ রঞ্জন চক্রবর্তী এই মহামারী চলাকালীন ইলেকট্রনিক প্রকিউরমেন্ট ম্যানেজমেন্ট ইমপ্লিমেন্ট সিস্টেম (EPMIS) চালু করার জন্য সরকারের দূরদর্শিতার প্রশংসা করেন যাতে সরকারি প্রক্রিয়াগুলি বন্ধ না হয়। কর্মশালায় অংশগ্রহণকারীরা এই কর্মশালা থেকে শিক্ষা নিয়ে ভবিষ্যতে কাজ করার প্রতিশ্রুতি দেন।

ডিম্যাপ, রংপুর সিইএফ

সাতক্ষীরা



রাশিদা পারভীন

সিইএফ সাতক্ষীরা ২৮ অক্টোবর ২০২১ তারিখে অনলাইনে জুম ভিডিও কনফারেন্সিং প্লাটফর্ম এর মাধ্যমে অনুষ্ঠিত হয়েছিল। অনুষ্ঠানটিতে প্রদীপ রঞ্জন চক্রবর্তী, সচিব, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়; মো: হুমায়ুন কবির, জেলা প্রশাসক, সাতক্ষীরা; মো: শোহেলের রহমান চৌধুরী, মহাপরিচালক, আইএমইডি, সিপিটিইউ, পরিকল্পনা মন্ত্রণালয়; মো: আজিজ তাহের খান, পরিচালক, আইএমইডি, সিপিটিইউ, পরিকল্পনা মন্ত্রণালয়; মির্জা হাসান, টিম লিডার, বিআইজিডি, ব্র্যাক ইউনিভার্সিটি, সিপিটিইউ, বিআইজিডি, নাগরিক পর্যবেক্ষণ দলের সদস্যবৃন্দ, ঠিকাদার ও সরকারী ক্রয়কারী সংস্থার প্রতিনিধিগণ অংশগ্রহণ করেন। মির্জা হাসান উল্লেখ করেন, করোনা মহামারির সময় প্রথমে প্রকল্পটি থমকে গেলেও পরে প্রযুক্তির ব্যবহার করে সমস্যা সমাধান করা হয়। সাঈদ মেহেদী, উপজেলা চেয়ারম্যান, কালীগঞ্জ, সাতক্ষীরা কয়েকটি উদ্বেগের কথা বলেছেন, যেমন "কালীগঞ্জ মাস্টারপ্যান" এবং আরও কয়েকটি রাস্তা যা ECNEC নির্মাণের পরিকল্পনা করেছিল যা এখনও কার্যকর হয়নি। খালেদা আইয়ুব ডলি, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, শ্যামনগর, সাতক্ষীরা, স্থানীয় ঠিকাদারদের দরপত্র দেওয়ার জন্য অনুরোধ করেছেন। কারণ তাদের সাথে কাজের যে কোনো অনিয়ম সংশোধনের জন্য সহজে যোগাযোগ করা যেতে পারে। বড় মাপের ঠিকাদার যারা পরে সাব-কন্ট্রাক্টে অন্য ঠিকাদারদের কাছে টেন্ডার দেয় তাদের কাজের ভুলের জন্য সহজে দায়ী করা কঠিন। সিটিজেন এনগেজমেন্ট গ্রুপের সদস্য রাশিদা পারভীন বলেছেন যে তারা একটি অভিযোগ জানালে ঠিকাদার তাদের সাথে দুর্ব্যবহার করেছিল। হুমকি দিয়ে বলেছিল যে তাদের নিজেদের সীমানার ভিতর থাকা উচিত। পরে এটা তৃতীয় পক্ষের হস্তক্ষেপে সমাধান হয়েছিল।

বরিশাল

১৮ নভেম্বর ২০২১ সিইএফ বরিশাল ভার্চুয়ালি অনুষ্ঠিত হয়। আবু হেনা মোরশেদ জামান, সচিব, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়; জসিম উদ্দিন হায়দার, জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, বরিশাল; মো: শোহেলের রহমান চৌধুরী, মহাপরিচালক, আইএমইডি, সিপিটিইউ, পরিকল্পনা মন্ত্রণালয়; মির্জা হাসান, টিম লিডার, বিআইজিডি, ব্র্যাক ইউনিভার্সিটি; এ. এইচ. এম. তারেক ইকবাল, অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, বরিশাল; সিপিটিইউ-এর কর্মকর্তাবৃন্দ, বিআইজিডি, ব্র্যাক ইউনিভার্সিটি এর গবেষকগণ, নাগরিক পর্যবেক্ষক দলের সদস্যবৃন্দ, সরকারী ইঞ্জিনিয়ার ও অন্যান্যরা অংশগ্রহণ করেন। আবু হেনা মোরশেদ জামান বলেন, এসব কর্মশালার হতে অভিযোগ, মতামত ও সুপারিশের মাধ্যমে প্রাপ্ত অভিজ্ঞতা সরকারি-বেসরকারি স্টেকহোল্ডার কমিটিতে উপস্থাপন করা হবে। এর মাধ্যমে সরকারের শীর্ষ নীতিনির্ধারকদের কাছে এসব তথ্য পৌঁছে দেওয়া যাবে। মির্জা হাসান তার বক্তব্যে বলেন যে বিআইজিডি-র প্রচেষ্টায় যে বিষয়গুলো ইতিবাচকভাবে বেরিয়ে এসেছে, তার মধ্যে একটি হল পুরুষের তুলনায় নারীরা অনেক ক্ষেত্রে বেশি অংশগ্রহণমূলক ভূমিকা পালন করেছে। এ. এইচ. এম. তারেক ইকবাল বলেছেন যে যদিও বর্তমান প্রক্রিয়ায় অন্তর্ভুক্তির সুযোগ বিস্তৃত হয়েছে, তবে এটি একপ্রকার পক্ষপাতদুষ্টতা সৃষ্টি করেছে। আসলে নতুন স্থানীয় ঠিকাদারদের মধ্যে উদ্যোক্তা এবং নেতৃত্ব তৈরি করা কঠিন। কারণ বড় সংস্থার সাথে প্রতিদ্বন্দ্বিতা করা নতুনদের জন্য একটা চ্যালেঞ্জ। সচিব সকলের বক্তব্য শুনে প্রতিশ্রুতি দেন যে তিনি যথাযথ ব্যবস্থা নিবেন।

আবু হেনা মোরশেদ জামান

সচিব, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়

যশোর

২৫ নভেম্বর ২০২১, যশোর সার্কিট হাউসের কনফারেন্স রুমে সিইএফ যশোরের আয়োজন করা হয়। আবু হেনা মোরশেদ জামান, সচিব, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়; মো: শোহেলের রহমান চৌধুরী, মহাপরিচালক, আইএমইডি, সিপিটিইউ, পরিকল্পনা মন্ত্রণালয়; মো: তমিজুল ইসলাম খান, জেলা প্রশাসক ও ম্যাজিস্ট্রেট, যশোর; মির্জা হাসান, টিম লিডার, বিআইজিডি, ব্র্যাক ইউনিভার্সিটি; পাশাপাশি সরকারি ক্রয়কারী প্রতিষ্ঠানের প্রতিনিধি অনুষ্ঠানে অংশগ্রহণ করেন। আবু হেনা মোরশেদ জামান বলেন, জনগণের অন্তর্ভুক্তি সরকারি প্রকল্পে মানুষের মধ্যে মালিকানা তৈরি করে। তিনি জানান যে যেহেতু তিনি নিজে একজন প্রাক্তন জেলা প্রশাসক ছিলেন, সেহেতু তিনি বুঝতে পেরেছেন যে এই উদ্যোগ জেলা কমিশনারদের নেতৃত্ব ও সহযোগিতায় পরিচালিত হওয়া উচিত। মো: তমিজুল ইসলাম খান নিশ্চিত করেছেন যে নাগরিকরা যখন এইরকম অর্থপূর্ণ উদ্যোগের মতো সরকারী ক্রয় এবং বাস্তবায়নে নিযুক্ত থাকে তখন ফলাফল ইতিবাচক হয়। কারণ তারা নিজেরাই এর গ্রাহক। কর্মশালার অংশগ্রহণকারীরা ভবিষ্যতে আরও ভালোভাবে একসঙ্গে কাজ করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন।

সি. ই. এফ, যশোর

পটুয়াখালী

সিসিইএফ পটুয়াখালী ৯ ডিসেম্বর ২০২১ তারিখে অনুষ্ঠিত হয়। আবু হেনা মোরশেদ জামান, সচিব, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়; মো: শোহেলের রহমান চৌধুরী, মহাপরিচালক, আইএমইডি, সিপিটিইউ, পরিকল্পনা মন্ত্রণালয়; মোঃ হুমায়ুন কবির, অতিরিক্ত জেলা প্রশাসক (সাধারণ), পটুয়াখালী; সৈয়দা সেলিনা আজিজ, সিনিয়র প্রোগ্রাম ম্যানেজার, বিআইজিডি; সিপিটিইউ এবং বিআইজিডি থেকে অংশগ্রহণকারীরা; নাগরিক পর্যবেক্ষক দলের সদস্যবৃন্দ; সরকারী ক্রয়কারী প্রতিষ্ঠানের ইঞ্জিনিয়ার এবং ঠিকাদার অংশগ্রহণ করেন। আবু হেনা মোরশেদ জামান সবাইকে মনে করিয়ে দেন এই কর্মশালাগুলি এমন হওয়া উচিত নয় যেখানে স্টেকহোল্ডারগণ একে অপরকে দায়ী করবে। তিনি পরামর্শ দেন যে এই কর্মশালাগুলি সকল স্টেকহোল্ডারদের জন্য গঠনমূলক

সিপিটিইউ কর্মকর্তাবৃন্দ ইমরুল হোসেন তালুকদারের সাথে আলোচনায়

সমালোচনার জায়গা হবে। মো: হুমায়ুন কবির পরামর্শ দেন যে একটি কেন্দ্রীয় অভিযোগ কেন্দ্র স্থাপন করা যেতে পারে যেখানে নাগরিকরা তাদের অভিযোগগুলি ৩৩৩ বা ৯৯৯ নম্বরে কল করে শেয়ার করতে পারে যা পর্যবেক্ষণ প্রক্রিয়াকে জোরদার করবে। সৈয়দা সেলিনা আজিজ উল্লেখ করেন বিআইজিডি গত ২-৩ বছর ধরে এই প্রোগ্রামটির ডিজাইন এবং মনিটর করার জন্য কাজ করেছে। নাগরিক সদস্য সোবাহান মৃধা, বলেছেন বর্তমান পরিস্থিতিতে নাগরিকরা রাজনৈতিক পৃষ্ঠপোষকতায় পুষ্ট ঠিকাদারদের বিরুদ্ধে অভিযোগ করতে ভীত বোধ করেন। অংশগ্রহণকারীরা কর্মশালা থেকে শেখার প্রতিশ্রুতি দেন।

সিরাজগঞ্জ

সিইএফ সিরাজগঞ্জ ৩০ ডিসেম্বর ২০২১ তারিখে ভার্চুয়ালি অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন আবু হেনা মোরশেদ জামান, সচিব, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়; মো: শোহেলের রহমান চৌধুরী, মহাপরিচালক, সিপিটিইউ, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়; ডা: ফারুক আহমেদ, জেলা প্রশাসক ও ম্যাজিস্ট্রেট, সিরাজগঞ্জ। আবু হেনা মোরশেদ জামান বলেন এই কর্মশালাগুলি গুরুত্বপূর্ণ কারণ এখানে সমস্ত অংশগ্রহণকারীদের কাছ থেকে সংগৃহীত তথ্যাদি পরিকল্পনা মন্ত্রণালয়ে উপস্থাপন করা হয় যাতে বার্ষিক বাজেট প্রণয়নের সময় এটি বিবেচনা করা যেতে পারে। সরকারী প্রকল্পের ৮০% সরকারী ক্রয়কাজে ব্যয় হয়। ড. ফারুক আহমেদ মতামত প্রদান করেন যে নারীদের অন্তর্ভুক্তিকে অবশ্যই অগ্রাধিকার দিতে হবে এবং একটি নির্দিষ্ট কোটার মধ্যে সীমাবদ্ধ রাখা যাবে না। মির্জা হাসান তার উপস্থাপনায় বলেন নাগরিক, প্রকৌশলী বা ঠিকাদারদের তাদের পারফরম্যান্সের ভিত্তিতে কিছু প্রণোদনা দেওয়া যেতে পারে তবে এটি দীর্ঘমেয়াদী কোন সমাধান হতে পারে না। ইমরুল হোসেন তালুকদার, উপজেলা চেয়ারম্যান, রায়গঞ্জ, সিরাজগঞ্জ পরামর্শ দেন, বর্তমানে গ্রুপভিত্তিক ও গ্রুপ ছাড়া নাগরিক সম্পৃক্ততার যে দুটি মডেল প্রচলিত আছে তার ভিত্তিতে একটা মডেল হতে পারে যেখানে আগ্রহী সকল নাগরিক স্বেচ্ছায় অংশগ্রহণ করে একটি দল তৈরি করতে পারবে। কর্মশালায় প্রাপ্ত অভিজ্ঞতার ভিত্তিতে অংশগ্রহণকারীরা ভবিষ্যতে তাদের কাজ আরও ভাল করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন।

স্থানীয় প্রতিবেদন

ইইডির প্রকৌশলী জনাব জামাল উদ্দিন আহমেদ কক্সবাজার জেলার সদরের মোহাম্মদ ইলিয়াস মিয়া চৌধুরী উচ্চ বিদ্যালয়ের বেস কাস্টিংয়ের আগে পাইলিং এবং ঢালাইয়ের মান পরীক্ষা করছেন। সিটিজেন মনিটরিং গ্রুপের কিছু সদস্য প্রক্রিয়াটি পর্যবেক্ষণ করেছেন।

দেউল মুড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়, রায়গঞ্জ, সিরাজগঞ্জের ওয়াশ ব্লকের ইট বিছানোর কাজ শুরু থেকেই নাগরিকরা তদারকি করে আসছেন।

সম্পাদক: সেলিনা আজিজ | নির্বাহী সম্পাদক: জিহাদ আল মেহেদী
বিষয়বস্তু সম্পাদক: ইনসিয়া খান | পরিকল্পক: মুহাম্মদ আব্দুর রাজ্জাক